



প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে পরীক্ষা স্থগিত, পরিক্ষার্থীদের বিক্ষোভ



ছবি: সংগৃহীত

প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ ওঠার পর যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদে নিয়োগ পরীক্ষা স্থগিত করা হয়েছে। শনিবার (১০ অক্টোবর) সকাল ১১টায় পরীক্ষা শুরুর কথা থাকলেও ঠিক আগমুহূর্তে এ সিদ্ধান্ত জানানো হয়।

পরীক্ষা স্থগিতের খবরে ক্ষুব্ধ পরীক্ষার্থীরা রাজধানীর মতিঝিল, মানিক মিয়া অ্যাভিনিউসহ বিভিন্ন সড়ক অবরোধ করেন। পরে মতিঝিলে যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যালয়ের সামনে জড়ো হয়ে বিক্ষোভ করেন তাঁরা।

অধিদপ্তর জানিয়েছে, সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া সম্ভাব্য প্রশ্নপত্রের সঙ্গে মূল প্রশ্নের কিছু অংশের মিল পাওয়া গেছে। ২৪২টি পদের বিপরীতে রাজধানীর প্রায় ১০০টি কেন্দ্রে পরীক্ষা নেওয়ার প্রস্তুতি ছিল। কর্তৃপক্ষের ভাষ্য, আগামী দুই থেকে তিন দিনের মধ্যে পরীক্ষার নতুন তারিখ ঘোষণা করা হবে।

LENS ASIA